

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৯

তারিখ : ০১ শ্রাবণ, ১৪২১  
১৬ জুলাই, ২০১৪

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/ কর্মচারীগণের জুলাই/২০১৪ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর জুলাই/২০১৪ মাসের পেনশনের অর্থ ২২ জুলাই, ২০১৪ তারিখে প্রদান প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, ট্রেজারী ব্যবস্থাপনা অধিশাখার ০৬/০৭/২০১৪ তারিখের ০৭.১৪২.০০৬.০০.০০.০০৬.১২-৪৪/২ (৩০০) নং অনুলিপি সকলের অবগতির জন্য নিম্নে হুবহু পুনর্মুদ্রিত হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

( মোঃ ইব্রাহিম ভূঁইয়া )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ  
ট্রেজারী ব্যবস্থাপনা অধিশাখা

নং-০৭.১৪২.০০৬.০০.০০.০০৬.১২-৪৪

তারিখঃ ০৬/০৭/২০১৪ খ্রিঃ

প্রেরক : মোঃ আবদুর রহমান  
উপ-সচিব

প্রাপক : (১) হিসাব মহা-নিয়ন্ত্রক  
বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা।

(২) কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স,  
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/ কর্মচারীগণের জুলাই/২০১৪ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর জুলাই/২০১৪ মাসের পেনশনের অর্থ ২২ জুলাই, ২০১৪ তারিখে প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সরকারি বর্ষপঞ্জি-২০১৪ অনুযায়ী ২৯ জুলাই তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে বিধায় সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সকল নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের জুলাই/২০১৪ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর জুলাই/২০১৪ মাসের পেনশনের অর্থ ২২ জুলাই, ২০১৪ তারিখে প্রদান করা হবে।

২। বাংলাদেশ ট্রেজারী রুলস এর এস আর ১১৩(২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

স্বা/-

(মোঃ আবদুর রহমান)

উপ-সচিব

ফোন : ৯৫৪০৫০৪

নং-০৭.১৪২.০০৬.০০.০০.০০৬.১২-৪৪/২ (৩০০)

তারিখঃ ০৬/০৭/২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

.....

.....

০৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (তঁার অধীনস্থ সকল সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

স্বাক্ষরিত/= ০৬/০৭/২০১৪

(মোঃ আবদুর রহমান)

উপ-সচিব

ফোন : ৯৫৪০৫০৪